

রুয়েটে তিন দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স শুরু

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৫:১১, ১১ ডিসেম্বর ২০২৪



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) যন্ত্রকৌশল অনুষদে আয়োজনে ১১, ১২ ও ১৩ ডিসেম্বর তিন দিনব্যাপী ৬ষ্ঠ “মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল এন্ড ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং” বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স শুরু হয়েছে।

UNIBOTS

বুধবার (১১ ডিসেম্বর) সকাল ১০ টায় কেন্দ্রীয় মিলনায়নে এই কনফারেন্সের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এস.এম. আব্দুর রাজ্জাক। তিন দিনব্যাপী আয়োজিত এই কনফারেন্সের প্রতিপাদ্য বিষয় হলো “Innovating for Impact: Advancements in Mechanical, Industrial, and Materials Engineering for a Sustainable Future.”

কনফারেন্স আয়োজক কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. রোকনুজ্জামানের সভাপতিত্বে রুয়েটের সাবেক উপাচার্য অধ্যাপক ড. সিরাজুল করিম চৌধুরী, জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ আজিজ, কনফারেন্সের পৃষ্ঠপোষক ও ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. মোশাররফ হোসে আরো বক্তব্য রাখেন।

শুভেচ্ছা বক্তব্য রাখেন কনফারেন্স আয়োজক কমিটির সেক্রেটারী ও যন্ত্রকৌশল বিভাগে প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ শাহেদ হাসান খান তুষার। কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার আরিফ আহম্মদ চৌধুরী সহ বিভিন্ন অনুষদের ডীন সকল পরিচালক, বিভাগীয় প্রধান, দপ্তর ও শাখা প্রধানগণ, শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

কনফারেন্সে বাংলাদেশ ছাড়াও যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, চীন, ব্রুনাই ও হংকং সহ দেশ-বিদেশে বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের প্রায় তিনশ' একাডেমিসিয়ান, গবেষক ও বিজ্ঞানীরা অংশ নিচ্ছেন। কনফারেন্সে ১৭৩টি টেকনিক্যাল পেপার ও ০৮ টি কি-নোট পেপার উপস্থাপন করা হবে এবং সেরা ০৭টি পেপারকে পুরস্কৃত করা হবে।